INDIA NON JUDICIAL

३000 रु.    सत्यमेव जयते    भारत    Rs 3000

तीन हज़ार रूपये    THREE THOUSAND RUPEES

A 899.50
H 25.00
M(b) 4.00
K(L) 5.00
N 2.40
935.90
K(2) 8.00
943.90

Admissible under Regn. Rule 21 and also u/s 56(I). of the West Bengal L.R. Act 1955, duly stamped (~~Exempted from stamp duty~~) under the Indian Stamp Act 1899 as amended in 1964. Schedule 1A No 58A
Fee ............
F.S. 4.00

Registrar U/S 7 (2)
Alipore, 24-Parganas
28.3.83

Prafulla Kr Dutt

# ডিড অব সেটেলমেন্ট বা বন্দোবস্ত দলিল

লিখিতং :- শ্রী প্রফুল্ল কুমার দত্ত, পিতা ৺মন্মথ দত্ত, জাতি হিন্দু, পেশা বিষয় ভোগী, সাকিন ৩এ, এন্টালিয়া রোড, থানা গড়িয়াহাট, সহর কলিকাতা -১৯।

কস্য ডিড অব সেটেলমেন্ট বা বন্দোবস্ত পত্র মিদং কার্য্যঞ্চাগে :-

জেলা ২৪ পরগনা থানা গড়িয়াহাটার অন্তর্গত কলিকাতা মিউনিসিপ্যালিটি এবং শিয়ালদহের সাবরেজেষ্ট্রী অফিসের অন্তর্গত ৩বি, ৩সি, ৩ডি, ৩ই নং এন্টালিয়া রোড, বর্তমানে পি,সি, সরকার সরণী প্রেমিসেস ভুক্ত জমি ও বাড়ী যাহার বিশেষ বিবরণ ও চৌহদ্দি নিম্নের তপশীলে বর্ণিত হইল তাহা অত্র সেটেলমেন্ট দলিল দাতা আমার ষোল আনা রকমের নির্ব্যূঢ় স্বত্ব দখলীয় সম্পত্তি হইতেছে এবং তাহাতে আমি অন্যের নিরাংশে বিনা সংস্রবে ও বিনা বাধায় ভোগবান ও দখলিকার আছি।

2201(5)
Profulla Kr Dutta
3A Ekdalia Rd Cal 19
3000/-
24/5/84

2201(5) a 3000/-
" 200/-
" 50/-
" 30/-
" 1/-
A 3281/-

Presented for Registration at 4.0 P.M. on the 28th day of March 19 84 at the Sadar Registration Office Alipore, 24 Parganas by Karunamaya Dutta Executant / Claimant or one of the Executants / Claimants or Attorney for ........ Executant / Claimant under a Power of Attorney No ...... of 19.... authenticated by ...... Registrar of ......

Registrar U/S 7 (2)
Alipore 24-Parganas
28·3·84

করুনাময়ী দত্ত

Prafulla Kr. Dutta
Late Sasadhar Dutta
3/A, Ekdalia Rd.
Gariahat
Cal 19
Hindu
Landholder
Prafulla Kr. Dutta

Subal Kumar Dutta
L. Santosh Kr. Dutta
80/3, Kankulia Rd.
Ballygunge
Cal 19
Hindu
Business
Prafulla Kr. Dutta has admitted.

Prafulla Kr Dutt

V.C.T./37/

Subal Kumar Dutta

28/3/84

Registrar U/S 7 (2)
Alipore, 24-Parganas

INDIA NON JUDICIAL

२०० रु.　　R$200

सत्यमेव जयते

भारत

दो सौ रुपये　TWO HUNDRED RUPEES

২

বর্তমানে আমার যথেষ্ট বয়স হইয়াছে , এরূপ অবস্থায় যে কোন সময় আমার জীবন অবসান হইতে পারে। আমার কোন পুত্র সন্তান নাই, কেবল একটি মাত্র কন্যা শ্রীমতী বকুলময়ী দত্ত জীবিত আছেন। তাহার চার পুত্র প্রথম - শ্রী রঞ্জিত কুমার দত্ত, দ্বিতীয় শ্রী অজিত কুমার দত্ত, তৃতীয় শ্রী মনোজিত দত্ত, চতুর্থ শ্রী শ্রীকান্ত দত্ত। আমার কন্যার উক্ত চার পুত্র অর্থাৎ আমার চার দৌহিত্রই আমার প্রিয় পাত্র হইতেছে। তাহারা সকলেই আমার প্রতি বিশেষ রূপে ভক্তি ~~সম্ম~~ ও শ্রদ্ধা সম্পন্ন হইতেছে। আমি তাহাদের সকলকেই যথেষ্ট স্নেহ করি ও আন্তরিক ভাবে ভালবাসি। আমার অবর্তমানে আমার উক্ত সম্পত্তি লইয়া তাহাদের পরস্পরের মধ্যে যাহাতে কোন রূপ বিবাদ বিসম্বাদ বা মামলা মোকর্দ্দমা না হয় তাহা নিবারনার্থে এবং আমার উক্ত চার দৌহিত্রের ভবিষ্যতের ব্যবস্থা করা জন্য এই ডিড অব সেটেলমেন্ট বা বন্দোবস্ত পত্র দলিল সহি সম্পাদন করিয়া দিয়া

50 Rs.

पचास रुपये

५०रु.

सत्यमेव जयते

भारत

INDIA

50 RS

FIFTY RUPEES



প্রদান প্রচার ও বিধান করিতেছি যে -

আমি আমার একমাত্র কন্যা উক্ত শ্রীমতী করুণাময়ী দত্তকে এই দলিলের একমাত্র ট্রাস্টী নিযুক্ত করিলাম এবং ট্রাস্টী হিসাবে তাহার হস্তে নিম্নের তপশীলবর্ণিত সম্পত্তি অর্পন করিলাম।

নিম্নের তপশীলে লিখিত সম্পত্তিতে মালিক হিসাবে আমার যাহা কিছু স্বত্ব স্বামিত্ব দখল ও অধিকার ছিল ও আছে তাহা অদ্য হইতে আমা হইতে রদ ও রহিত হইয়া এই দলিলের একমাত্র ট্রাস্টী হিসাবে আমার উক্ত কন্যা শ্রীমতী করুণাময়ী দত্তকে বর্তাইল ও হস্তান্তরিত হইল।

আমার কন্যা শ্রীমতী করুণাময়ী দত্ত যতদিন জীবিতা থাকিবেন, ততদিন এই সেটেলমেন্ট কৃত সম্পত্তি ট্রাস্টী স্বরূপে তিনি এই দলিলের চার বেনিফিসিয়ারী আমার উক্ত চার দৌহিত্র গনের স্বার্থে ও হিতার্থে নিম্নের তপশীলবর্নিত উক্ত সম্পত্তি 'হোলড' করিবেন, তথা তৎসম্বন্ধে স্বত্ব দখল পরিচালনা করিতে পারিবেন। তিনি নিম্নের তপশীল বর্নিত সম্পত্তিস্থিত ভাড়াটিয়া বা ভাড়াটিয়াগনের নিকট হইতে ভাড়া আপোষে বা আদালত সাহায্যে আদায় করিবেন এবং তাহা হইতে -

30 Rs.

तीस रुपये

सत्यमेव जयते

भारत

INDIA

THIRTY RUPEES

३०रु. 30RS



আর যাহা কিছু আয় উপস্বত্ব আছে বা হইবে তাহা আদায় উসুল করিবেন। উক্ত আদায় উসুল কৃত টাকা হইতে ট্রাস্টী মহাশয়া উক্ত সম্পত্তির জন্য দেয় ট্যাক্স খাজনা রেন্ট প্রভৃতি আদায় দিবেন ও উক্ত সম্পত্তি মেরামতি অবস্থায় রাখিবেন, উপরন্তু উপযুক্ত পাত্রে বা ধর্ম সংস্থায় উক্ত টাকা হইতে দান ধ্যান করিতে পারিবেন এবং তাহার যথাযথ তত্ত্বাবধান আদি করিবেন। প্রয়োজনে ভাড়াটিয়া আদালত সাহায্যে উচ্ছেদ করিতে ও সমুচিত বিবেচিত হইলে তাহা মাসিক ভাড়া বিলি করিতে পারিবেন। উক্ত সম্পত্তি রক্ষা বেক্ষনে যাহা কিছু করা প্রয়োজন এবং যাহা খরচা করা প্রয়োজন তাহা করিবেন এবং আমার স্বর্গত গুরুদেব ৺ ৺মনসা চরণ ব্রহ্মচারী মহারাজের প্রতিকৃতি স্থাপন করিয়া আমি তাহার যেরূপ নিত্য সেবা পূজা ইত্যাদি করিয়া আসিতেছি আমার পরলোকান্তে আমার গুরুদেবের সেই রূপ নিত্য সেবা পূজা করিবেন ও তাহার জন্য যাহা কিছু খরচ করা প্রয়োজন তাহাও - করিবেন এবং আমার পরলোক গমনের পরও উক্ত সেবা পূজা বজায় থাকে ট্রাস্টী মহাশয়া তাহারও যথাযথ ব্যবস্থা করিবেন। আমি জীবিতমানে ট্রাস্টী মহাশয়ার

INDIA

एक रुपया

सत्यमेव जयते

भारत

ONE RUPEE



বা আমার উক্ত চার দৌহিত্র গন নিম্নের তপশীলবর্ণিত সম্পত্তি দান বিক্রয় বন্ধক চিরস্থায়ী বন্দোবস্ত প্রভৃতির দ্বারা হস্তান্তর করিতে পারিবেন না বা পারিবে না।

এই দলিল মূলে ট্রাস্টী মহাশয়া কলিকাতা কর্পোরেশান ও কালেক্টারি অফিসে
পৃথক ট্রাস্টী স্বরূপে নিজ নাম ও উক্ত বেনিফিসিয়ারীগনের
আমার স্থলে উক্ত বেনিফিসিয়ারীগনের নাম পত্তন করাইয়া লইতে পারিবেন এবং আবশ্যক মত সেটেলমেন্ট কৃত সম্পত্তির উন্নতি সাধন করিতে পারিবেন এবং তাহাতে প্রয়োজন বোধে সম্পূর্ণ নূতন করিয়া করিতে পারিবেন। আমি বা উক্ত বেনিফিসিয়ারীগনের বা অপর কাহারও কোন রূপ ওজর আপত্তি বা দাবী দাওয়া চলিবে না ও করিতে পারিব না বা পারিবে না। আমার কন্যা উক্ত শ্রীমতী স্বর্ণময়ী দত্তের মৃত্যুর পর আমার উক্ত চার দৌহিত্র শ্রী বৃজিত কুমার দত্ত, শ্রী অজিত কুমার দত্ত, শ্রী মনোজিত কুমার দত্ত ও শ্রী শ্রীকান্ত দত্ত নিম্নের তপশীল বর্ণিত সম্পত্তি তুল্যাংশে নির্ব্যূঢ় স্বত্বে প্রাপ্ত হইবে এবং তাহারা তাহা ওয়ারেশান ও স্থলাভিষিক্ত গনক্রমে দান বিক্রয় বন্ধক লীজ বিনিময় প্রভৃতির দ্বারা চিরকাল যদৃচ্ছা ভোগ দখল করিতে পারিবে, তাহাতে কাহারও কোন ওজর আপত্তি চলিবে না, করিলেও তাহা বাতিল ও নামঞ্জুর ও সর্বব আদালতেঅগ্রাহ্য হইবে।

এই দলিল লিখিত ট্রাস্টীর পদ ও দায়িত্ব গ্রহনে আমার উক্ত কন্যা শ্রীমতী - করুনাময়ী দত্ত এই দলিলে নিজ নাম দস্তখত করিলেন। অত্র দলিল ভুক্ত বন্দোবস্ত কৃত সম্পত্তির মূল্য ৯১০০০,একানব্বই হাজার টাকা ধার্য্য হইল।

এই দলিলের দ্বারা আমি ওয়ারেশান ও স্থলাভিষিক্ত গনক্রমে চিরতরে বাধ্য থাকিলাম।

এতদর্থে সুস্থ শরীরে স্বেচ্ছায় সরল মনে অপরের বিনা অনুরোধে ও বিনা প্ররোচনায় এই দলিল পাঠ করিয়া ও তাহার, মর্ম সম্যক অবগত হইয়া - যথারীতি সম্পাদন করিলাম। ইতি তাং ইং ১৯৮৪ সালের ২১ শে মার্চ। বাংলা ১৩৯০ সালের ———— চৈত্র।

- তফসীল সম্পত্তি -

জেলা ২৪ পরগনা সাবরেজেষ্ট্রি শিয়ালদহের থানা সাবেক বালিগঞ্জ বর্ত্তমানে গড়িয়াহাটা অন্তর্গত জেলা ২৪ পরগনা কালেক্টারির ডিহি ৫৫ গ্রামসংক্রান্ত ৫ ডিভিসন। কে। সাব ডিভিসন, ৩ নং হোলডিং ভুক্ত কলিকাতা কর্পোরেশনের এলাকাধীন ৩বি, ৩সি, ৩ডি এবং ৩ই নং একডালিয়া রোড প্রেমিসেস ভুক্ত হাল ৩বি, ৩সি, ৩ডি এবং ৩ই নং পি, সি, সরকার সরনী ভুক্ত রেভেনিউ ফ্রীঃ মৃত্ত্বের কমবেশী ৪চার কাঠা ১৪ চৌদ্দ ছটাক ও স্কোয়ার ফিট জমি মায় তদুপরিস্থিত দ্বিতল পাকা বাড়ী মায় সাজ পাটাদি মায় সর্বব প্রকার স্বত্ব নত্যাদি মায় সর্বব প্রকার ইজমেন্ট স্বত্ব

সমেত সম্পত্তি । ইহার চৌহদ্দিঃ -

উত্তরঃ - একডালিয়া রোড, হাল পি,সি, সরকার সরনী ।

দক্ষিন ঃ-৩বি।১এ, এবং ৩ই।১এ, পি, সি, সরকার সরনী।

পূর্ব্ব ঃ - কমন প্যাসেজ ।

পশ্চিমঃ - কমন প্যাসেজ ।

এই ট্রাস্টিদিগের উপর ন্যস্ত করিলাম

ইসাদি

করুনাময়ী দত্ত

১। Phaki Chakrabarti
3B/1A, Ekdalia Road, Calcutta-19

২। Kamala Sengupta (M.B.B.S. D.D.V.)
3E/1A Ekdalia Road, Calcutta - 19

Kishori Mohan Chatterji
Advocate, Alipur

টাইপ কারক
শ্রী [illegible]
আলিপুর জজ কোর্ট

তাং ইং ১৯৮৪। — মার্চ –

ডিড অব সেটেলমেন্ট বা বন্দোবস্ত পত্র –

লিখিতং শ্রী প্রফুল্ল কুমার দত্ত –

Registrar U/S 7 (2)
Alipore, 24-Parganas
28.3.84